# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

NOT FOR SUBMISSION

| | | |
|---|---|---|
| দরপত্রের নাম | : | রাউজান ২৫ মেগাওয়াট ডুয়েল ফুয়েল পাওয়ার প্ল্যান্ট এর আগামী ০৩ (তিন) বছরে সম্ভাব্য মজুদ ফার্নেস অয়েল স্লাজ (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) সংগ্রহের ভিত্তিতে নিলামে বিক্রয়করণ। |
| দরপত্র বিজ্ঞপ্তির সূত্র | : | স্মারক নং:২৭.১৬.১৫৭৪.০২২.০২.০০৮.২০. ৫৯৫<br>তারিখ: ০৮/১২/২০২১খ্রিঃ |
| প্যাকেজ নং | : | ০১ |
| লট নং | : | ০১ |
| মালামালের বিবরণ | : | ফার্নেস অয়েল স্লাজ |
| দরপত্র পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) |

ডিসেম্বর-২০২১

Rural Power Company Ltd. R/B, Sec-9, Uttara, Dhaka

# দরপত্র দলিল

NOT FOR SUBMISSION

**ক) ভূমিকাঃ**

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) এর আওতাধীন রাউজান ২৫ মেগাওয়াট ডুয়েল ফুয়েল পাওয়ার প্ল্যান্ট এর আগামী ০৩ (তিন) বছরে সম্ভাব্য মজুদ ফার্নেস অয়েল স্লাজ (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) সংগ্রহের ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| খ) | **মালামালের বিবরণ** | : | ফার্নেস অয়েল স্লাজ। |
| গ) | **মালামালের পরিমাণ** | | ৩,৫১,০০০ (তিন লক্ষ একান্ন হাজার) লিটার |
| ঘ) | **মালামালের অবস্থান** | : | রাউজান ২৫ মেগাওয়াট ডুয়েল ফুয়েল পাওয়ার প্ল্যান্ট, নোয়াপাড়া, রাউজান, চট্টগ্রাম। |
| ঙ) | **নিলাম দরপত্র দলিল বিক্রয়ের স্থান** | : | আগ্রহী দরদাতাগণ দরপত্র নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯,উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ হতে দরপত্র দলিল ক্রয় করতে পারবে। |
| | **নিলাম দরপত্র দলিল দাখিলের স্থান** | : | আগ্রহী দরদাতাগণ দরপত্র নির্বাহী পরিচালক (প্রকৌশল), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯,উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ হতে দরপত্র দলিল দাখিল করতে পারবে। |
| চ) | **নিলাম দরপত্র দলিল বিক্রয়ের সময়সীমা** | : | আগ্রহী দরদাতাগণ বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে ‘রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড’ এর অনকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) এর মাধ্যমে নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত সিডিউলের মুল্য মোতাবেক টাকা আবেদনপত্র সহ জমা প্রদান সাপেক্ষে আগামী **২৬/১২/২০২১খ্রিঃ তারিখ, বিকাল”৫:০০ ঘটিকা পর্যন্ত** নির্ধারিত অফিস হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবে। |
| ছ) | **নিলাম দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়সীমা** | : | আগ্রহী দরদাতাগণ দরপত্র দাখিলের ছক (সংযুক্তি-১) অনুযায়ী নির্বাহী পরিচালক (প্রকৌশল), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯ উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ বরাবর আগামী **২৭/১২/২০২১খ্রিঃ** তারিখে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত খামে দরপত্র জমা প্রদান করবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। খামের উপরে নিলাম দরপত্র, প্যাকেজ নং, লট নং এবং বিদ্যুৎ কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে। **“২৭/১২/২০২১খ্রিঃ বেলা: ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবে না”** এ নির্দেশনা লিখতে হবে। নির্ধারিত সময়ে ডাকযোগে প্রাপ্ত দরপত্র গ্রহণ করা হবে। |
| জ) | **নিলাম দরপত্র খোলার তারিখ ও সময়সীমা** | : | নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত দরপত্র সমূহ আগামী **২৭/১২/২০২১খ্রিঃ** তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯ উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ তে উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে এবং পরবর্তীতে মূল্যায়ন কমিটি কর্তৃক যথারীতি মূল্যায়ন করা হবে। |
| ঝ) | **দরপত্র জামানত** | : | দরপত্রের উদ্ধৃত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) টাকা ‘রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড’ এর অনুকূলে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় প্রাপ্ত দরপত্র সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে। |

**ঞ) দরপত্রের অন্যান্য শর্তাবলীঃ**

Rural Power Company Ltd. H-19, R-1/B, Sec-9, Uttara, Dhaka

১) একজন দরদাতা একটি লটের বিপরীতে একাধিক দরপত্র দাখিল করতে পারবে না।

২) **প্রতি লিটার ফার্নেস অয়েল স্লাজ এর ন্যূনতম নিলাম মূল্য ৩.০০ (তিন) টাকা। উক্ত মূল্যের কমে দরপত্র গ্রহণ করা হবে না।**

৩) আগ্রহী দরদাতাগণ সিডিউল ক্রয় পূর্বক আগামী **২৬/১২/২০২১খ্রিঃ** পর্যন্ত প্রতি কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট স্থানে নিলামকৃত মালামাল সমূহ পরিদর্শন করতে পারবেন এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

৪) আগ্রহী দরদাতাগণ অবশ্যই নিলামকৃত মালামালের অবস্থান, প্রকৃতি, ধরণ ইত্যাদি সম্বন্ধে অবগত হওয়ার পর মালামালের দর প্রদান করবেন। পরবর্তীতে মালামাল গ্রহণের সময় কোনরূপ অভিযোগ গ্রহণ করা হবে না।

৫) দরপত্রে কোন কাটা ছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য নয়। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। অংক এবং কথার মধ্যে গড়মিল পরিলক্ষিত হলে কথায় লিখিত দর মূল্যায়নের জন্য বিবেচ্য হবে।

৬) দরদাতা কর্তৃক দরপত্রে স্বাক্ষর করতে হবে এবং পূর্ণাঙ্গ ঠিকানা লিখতে হবে। অন্যথায় দরদাতার দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

৭) আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কাগজ পত্র যেমন-(১) ট্রেড লাইসেন্স, (২) হাল নাগাদকৃত টিআইএন সার্টিফিকেট , (৩) ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট , (৪) পরিবেশ অধিদপ্তরের সনদ পত্রের কপি দর প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।

৮) উদ্ধৃত দর দরপত্র খোলার তারিখ হতে **৬০ (ষাট)** দিন পর্যন্ত বলবৎ যোগ্য হবে।

৯) কৃতকার্য দরদাতার অনুকূলে বিক্রয়াদেশ প্রদানের পর দরপত্র জামানত হিসেবে প্রদত্ত অর্থ 'কার্য সম্পাদন জামানত' হিসেবে সংরক্ষিত থাকবে যা সর্বশেষ ইনডেন্টের সাথে সমন্বয় করা হবে। শিডিউলে বর্ণিত পরিমাণ মালামাল প্ল্যান্টে জমা না হলে, চুক্তির মেয়াদ শেষে প্ল্যান্ট থেকে কার্য সম্পাদন সনদ প্রাপ্তি সাপেক্ষে অথবা চুক্তির মেয়াদান্তে উক্ত জামানত ফেরৎ প্রদান করা হবে। অকৃতকার্য দরদাতার ক্ষেত্রে, বিক্রয়াদেশ প্রদানের পর দরপত্র জামানত ফেরত প্রদান করা হবে।

১০) বিক্রয়াদেশের মেয়াদ বিক্রয়াদেশ প্রদানের তারিখ হতে **০৩ (তিন)** বছর পর্যন্ত বলবৎ থাকবে। মেয়াদকালীন সময়ে প্ল্যান্টে বিক্রয়াদেশের উল্লেখিত মালামাল জমা না হলে উভয় পক্ষের সম্মতিক্রমে বিক্রয়াদেশের মেয়াদ বর্ধিত করা যেতে পারে।

১১) কৃতকার্য দরদাতাকে প্লান্টে জমা থাকা সাপেক্ষে তিন বছরে চারটি বা ততোধিক ইনডেন্ট প্রদান করা হবে এবং ইনডেন্ট প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ইনডেন্টকৃত মালামালের মূল্য রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করতঃ ইনডেন্ট প্রাপ্তির সর্বোচ্চ ২১ (একুশ) দিনের মধ্যে প্লান্ট থেকে মালামাল অপসারণ করতে হবে।

১২) ইনডেন্টে উল্লেখিত সময়ের মধ্যে মালামাল অপসারণ করতে ব্যর্থ হলে জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৩) মালামাল সংশ্লিষ্ট স্থান হতে নিজস্ব পরিবহন ব্যবস্থায় নিজ দায়িত্বে বুঝে নিতে হবে।

১৪) প্রচলিত পরিবেশ আইন অনুযায়ী মালামাল পরিবহন ও ব্যবহার নিশ্চিত করতে হবে এবং মালামালের সঠিক পরিমাণ ,সংগ্রহের সময় ট্যাংক লরী এর বিএসটিআই ক্যালিব্রেশন চার্ট অনুযায়ী উভয় পক্ষের প্রতিনিধির উপস্থিতিতে নির্ধারন করতে হবে।

১৫) শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬) কোন কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষন করে।

| নিলাম দরপত্র আহ্বানকারী | নিলাম দরদাতা : |
|---|---|
| নামঃ মোঃ সেলিম ভূঁইয়া | নামঃ |
| পদবীঃ নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল | পদবীঃ |
| স্বাক্ষরঃ | স্বাক্ষরঃ |
| তারিখঃ | তারিখঃ |

Rural Power Company Ltd. H-19, R-1/B, Sec-9, Uttara, Dhaka

NOT FOR SUBMISSION

সংযুক্তি: ১

তারিখ:-----/-----/-----------খ্রিঃ

## রাউজান ২৫ মেগাওয়াট ডুয়েল ফুয়েল পাওয়ার প্ল্যান্ট এর ফার্নেস অয়েল স্লাজ (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) অপসারণ করার নিমিত্তে প্রদত্ত দর দাখিলের ফরম

### প্যাকেজ নং:০১, লট নং:০২

NOT FOR SUBMISSION

| ক্রমিক নং | মালামালের নাম | পরিমান | একক | একক মূল্য (টাকা) (ভ্যাট ও ট্যাক্স সহ) | মোট মূল্য (টাকা) (ভ্যাট ও ট্যাক্স সহ) (কলাম:৩Xকলাম:৫) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ফার্নেস অয়েল স্লাজ | ৩,৫১,০০০ | লিটার | | |
| মালামালের মোট মূল্য | | | | অঙ্কে | |
| | | | | কথায় | |

*কৃতকার্য দরদাতাকে বর্তমান ভ্যাটের হার ৭.৫% এবং আয়কর ১০% যুক্ত করে দর দাখিল করতে হবে।

| দর দাখিলকারী প্রতিষ্ঠানের নাম ও সীল | |
|---|---|
| তারিখ: | |

Rural Power Company Ltd.
H-19, R-1/B, Sec-9, Uttara, Dhaka